



এইচএসসির জীববিজ্ঞান প্রথম পত্রের পরীক্ষায় এমসিকিউ অংশে ভিন্ন সেট প্রশ্নপত্র দেওয়া হয় রাজধানীর মির্জা আক্বাস মহিলা কলেজ কেন্দ্রে। এ কারণে পরীক্ষা শেষে বিড়ম্বনায় পড়া পরীক্ষার্থীদের কেউ কেউ কান্নায় ভেঙে পড়ে। গতকাল বিকেলে। ছবি: সাজিদ হোসেন

ভিন্ন সেটে পরীক্ষা শুরু পরে প্রশ্নপত্র বদল

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

এইচএসসি পরীক্ষায় গতকাল বৃহস্পতিবার রাজধানীর মির্জা আক্বাস মহিলা কলেজ কেন্দ্রে জীববিজ্ঞান প্রথম পত্রের বহুনির্বাচনী অংশের প্রশ্নপত্রের ভিন্ন সেট দেওয়ার প্রায় ২০ মিনিট পর তা বদলে নির্ধারিত সেট দেওয়া হয়েছে। কিন্তু এ জন্য বাড়তি সময় দেওয়া হয়নি বলে অভিযোগ। এ নিয়ে পরীক্ষার্থী ও তাদের অভিভাবকদের মধ্যে ক্ষোভ ও দুশ্চিন্তা কাজ করেছে। এই কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের ছাত্রীরা।

ঢাকা শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, গতকাল এমসিকিউ-১ সেটের প্রশ্নপত্র দেওয়ার কথা ছিল। কিন্তু ওই কেন্দ্রে প্রথমে এমসিকিউ-২ সেটের প্রশ্নপত্র দেওয়া হয়। পরে তা ফেরত নিয়ে নির্ধারিত সেট প্রশ্নপত্র দেওয়া হয়। ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার বলেন, এ ঘটনায় ওই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (কেন্দ্রসচিব) পরীক্ষার দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে আরেকজনকে দায়িত্ব দেওয়া হয়েছে। তাঁকে জানানো হয়েছে, সেট পরিবর্তনের কারণে বাড়তি সময় দেওয়া হয়েছে।